# শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

মূল নিবন্ধন নং. ১৪/১৯৮৮, তারিখ : ৩১-১২-১৯৮৮ খ্রিঃ, ১ম সংশোধিত নিবন্ধন নং-১৭২/২০০৮, ২য় সংশোধিত নিবন্ধন নং-১৩৮/২০১৫

গ্রাম : শুলপুর, ডাকঘর : শিকারপুর-নিমতলা-১৫৪০, উপজেলা : সিরাজদিখান, জেলা : মুন্সিগঞ্জ।

## সহযোগী সদস্যদের জন্য "স্থায়ী সঞ্চয় হিসাব নীতিমালা"

আজকের শিশু আগামী দিনের ভবিষ্যত। শিশুদের সুন্দর ভবিষ্যত চিন্তা করে তাদের অভিভাবকগণ **"স্থায়ী সঞ্চয় হিসাব নীতিমালা"** অনুসারে **স্থায়ী সঞ্চয় হিসাবে** দীর্ঘমেয়াদে অর্থ সঞ্চয় করতে পারবেন এবং সহযোগী সদস্যদের বয়স আঠার বছর পূর্ণ হওয়ার পর এই সঞ্চিত অর্থ একালীন প্রাপ্তি থেকে সহযোগী সদস্যদের কলেজ/বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা, পেশাদার চাকুরীর জন্য বিভিন্ন শিক্ষা কোর্স, বিদেশ গমন, বিবাহ অথবা পরিবারের অন্যান্য বিশেষ প্রয়োজনের ক্ষেত্রে ব্যবহার করতে পারবেন।

| | |
|---|---|
| (১) | শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সহযোগী সদস্য পদ গ্রহণকারী শিশু-কিশোরদের পক্ষে তাদের আইনানুগ অভিভাবকগণ উক্ত শিশু-কিশোরদের জন্য "স্থায়ী সঞ্চয়ী হিসাব" খোলার আবেদন করতে পারবেন। |
| (২) | সহযোগী সদস্যদের "স্থায়ী সঞ্চয়ী হিসাব" জন্য অত্র ক্রেডিট ইউনিয়ন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। |
| (৩) | "স্থায়ী সঞ্চয়ী হিসাব" নীতিমালা অনুসারে একজন সহযোগী সদস্য প্রতি মাসে সর্বনিম্ন ১০০ টাকা এবং উর্দ্ধে যে কোন পরিমান টাকা জমা করতে পারবেন। সহযোগী সদস্য শেয়ার এবং স্থায়ী সঞ্চয় হিসাবের টাকা একই দিনে তার সহযোগী সদস্য হিসাব বহিতে জমা করতে হবে। এক বা একাধিক মাসে স্থায়ী সঞ্চয় হিসাবের টাকা জমা না করলে প্রতিমাসের জন্য দশ (১০) টাকা হারে জরিমানা পরিশোধ করে বর্তমান মাসের স্থায়ী সঞ্চয় আমানত জমা করতে হবে। |
| (৪) | স্থায়ী সঞ্চয় হিসাবে জমাকৃত টাকার প্রোডাক্ট অনুসারে প্রতি বছর ৩০শে জুন তারিখে ৭% লভ্যাংশ প্রদান করা হবে। সহযোগী সদস্য স্থায়ী সঞ্চয়ী হিসাবে সর্বনিম্ন পাঁচ (৫) বছর নিয়মিত প্রতিমাসে টাকা জমা করলে হিসাবটি বন্ধ করার সময় তিন শত (৩০০) টাকা বোনাস প্রদান করা হবে। |
| (৫) | স্থায়ী সঞ্চয়ী হিসাবটি বন্ধ করা ব্যতিত "স্থায়ী সঞ্চয় হিসাব" থেকে কোন টাকা উত্তোলন করা যাবে না। |
| (৬) | মৃত্যুজনিত কারণ ব্যতিত "স্থায়ী সঞ্চয় হিসাব" টি বন্ধ করা যাবে না। মৃত্যুজনিত কারণে স্থায়ী সঞ্চয় হিসাবটি বন্ধ করা হলে ৭% লভ্যাংশ প্রদান করা হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, মৃত্যুজনিত কারণ ব্যতিত অন্য কোন কারণে "স্থায়ী সঞ্চয় হিসাব" টি বন্ধ করার ক্ষেত্রে উক্ত হিসাবটির শুরু থেকে বর্তমান সময় পর্যন্ত ৪% হারে সুদ হিসাব করা হবে এবং পূর্বে ৭% হারে প্রদত্ত সুদ থেকে অতিরিক্ত ৩% সুদ জমাকৃত টাকা থেকে কর্তন করে বাকী টাকা প্রদান করা হবে। এছাড়াও উক্ত সহযোগী সদস্যের নামে পুনঃরায় স্থায়ী সঞ্চয় হিসাব খোলা যাবেনা। "স্থায়ী সঞ্চয় হিসাব" টি বন্ধ করতে চাইলে আইনানুগ অভিভাবক কমপক্ষে এক মাস পূর্বে পরিচালক মন্ডলীর বরাবর লিখিত আবেদন করবেন। আবেদনপত্র টি পরিচালক মন্ডলী কর্তৃক অনুমোদিত হলে "স্থায়ী সঞ্চয় হিসাব" টি বন্ধ করার ক্ষেত্রে ক্রেডিট ইউনিয়ন নির্ধারিত হিসাব বন্ধ ফি প্রদান করতে হবে। |
| (৭) | "স্থায়ী সঞ্চয় হিসাব" এ জমাকৃত টাকা উক্ত সহযোগী সদস্যের আইনানুগ অভিভাবক শুধুমাত্র তার পরিবারভুক্ত কোন সদস্যের ঋণে জামিন দিতে পারবেন। উল্লেখ্য যে, "স্থায়ী সঞ্চয় হিসাব" এ জমাকৃত টাকা যদি কোন ঋণে জামিন প্রদান করা হয় সেক্ষেত্রে উক্ত ঋণটি সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত নতুন কোন ঋণে সহযোগী সদস্যের টাকা জামিন প্রদান করা যাবে না এবং সহযোগী সদস্য হিসাবটি বন্ধ করে টাকা উত্তোলন করা যাবে না। |
| (৮) | সহযোগী সদস্য মৃত্যুবরণ করলে তার হিসাবটি বন্ধ করার জন্য আইনানুগ অভিভাবক সহযোগী সদস্যের মৃত্যু সনদসহ অত্র ক্রেডিট ইউনিয়নের পরিচালক মন্ডলীর বরাবর একটি আবেদন করবেন। আবেদনটি পরিচালক মন্ডলী কর্তৃক মঞ্জুর হলে মৃত্যুবরণকৃত সহযোগী সদস্যের আইনানুগ অভিভাবক হিসাবটি বন্ধ করে জমাকৃত টাকা গ্রহণ করতে পারবেন। |
| (৯) | কোন সহযোগী সদস্যের আইনানুগ অভিভাবক মৃত্যুবরণ করলে উক্ত সহযোগী সদস্য পরিবারের দায়িত্বশীল কোন ব্যক্তি আইনানুগ অভিভাবক হতে পারবেন। এক্ষেত্রে উক্ত দায়িত্বশীল ব্যক্তিকে অত্র ক্রেডিট ইউনিয়নের |

| | |
|---|---|
| | পরিচালক মন্ডলীর বরাবর আবেদন করে অনুমতি গ্রহণ করতে হবে। আবেদনটি পরিচালক মন্ডলী কর্তৃক মঞ্জুর হলে আবেদনকারী ব্যক্তি সহযোগী সদস্য ও স্থায়ী সঞ্চয় হিসাবের আইনানুগ অভিবাবক বলে গণ্য হবেন। |
| (১০) | সহযোগী সদস্যের ১৮ বছর বয়স পূর্ণ হলে তার প্রকৃত প্রমান পত্র (বাপ্তিম সার্টিফিকেট/জন্ম নিবন্ধন/ভোটার আইডি) সহ অত্র ক্রেডিট ইউনিয়ন কর্তৃক মুদ্রিত সদস্য পদের আবেদন পত্র পূরণ করে ক্রেডিট ইউনিয়নে জমা দেওয়ার পর পরিচালক মন্ডলী কর্তৃক অনুমোদিত হলে তিনি পূর্ণ সদস্য পদ লাভ করতে পারবেন এবং "স্থায়ী সঞ্চয় হিসাব" এ জমাকৃত সম্পূর্ণ টাকা সহযোগী সদস্যের "স্থায়ী সঞ্চয় হিসাব" পরিচালনাকারী অভিভাবতের নিকট অথবা তিনি না থাকলে আইনানুগ অভিভাবকের নিকট প্রদান করা হবে অথবা অভিভাবক বা আইনানুগ অভিভাবকের সম্মতিক্রমে সহযোগী সদস্যের সঞ্চয়ী হিসাবে স্থানান্তর করা হবে। |
| (১১) | আঠার (১৮) বছর পূর্ণ হলে কোন সহযোগী সদস্য যদি ঐ সময়ে জামিনদার খেলাপী থাকেন সেক্ষেত্রে উক্ত জামিন খেলাপী থেকে মুক্ত না হওয়া পর্যন্ত "স্থায়ী সঞ্চয় হিসাব" হিসাব বন্ধ করা যাবে না এবং উক্ত সহযোগী সদস্য জামিন খেলাপী থেকে মুক্ত না হওয়া পর্যন্ত সদস্য পদের আবেদন করতে পারবেন না। |
| (১২) | পূর্ণ সদস্য পদ লাভের আবেদনটি পরিচালক মন্ডলী কর্তৃক অনুমোদিত হলে সহযোগী সদস্য হিসাবের সম্পূর্ণ টাকা তার পূর্ণ সদস্য পদের শেয়ারে স্থানান্তরিত হবে। সহযোগী সদস্য হিসাবের টাকা পূর্ণ সদস্যপদের শেয়ার হিসাবে স্থানান্তরের পর সহযোগী সদস্য হিসাবটি বন্ধ হওয়ার সাথে সাথেই "স্থায়ী সঞ্চয় হিসাব"টি বন্ধ হয়ে যাবে। |
| (১৩) | অদ্য ১৬-০২-২০২৪ খ্রী: তারিখে অনুষ্ঠিত পরিচালক মন্ডলীর সভায় **"স্থায়ী সঞ্চয় হিসাব নীতিমালা"** টি অনুমোদিত হলো। ভবিষ্যতে সময়পোযোগী কারণে অত্র ক্রেডিট ইউনিয়নের পরিচালক মন্ডলী **"স্থায়ী সঞ্চয় হিসাব নীতিমালা"**র যে কোন বিষয় পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করিতে পারিবেন। সহযোগী সদস্য এবং তার আইনানুগ অভিভাবক **"স্থায়ী সঞ্চয় হিসাব নীতিমালা"** পালনে বাধ্য থাকিবেন। **"স্থায়ী সঞ্চয় হিসাব নীতিমালা"** সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে একমাত্র অত্র ক্রেডিট ইউনিয়নের পরিচালক মন্ডলী তাদের বৈধ সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে সমাধান করবেন। |

**পরিচালক মন্ডলীর স্বাক্ষর ঃ**

| | | |
|---|---|---|
| **উল্লাস গমেজ**<br>চেয়ারম্যান, পরিচালক মন্ডলী | **প্রকাশ জন রোজারিও**<br>ভাইস-চেয়ারম্যান, পরিচালক মন্ডলী | **সনি খ্রীষ্টফার পেরেরা**<br>সেক্রেটারি, পরিচালক মন্ডলী |
| **তাপস জন গিলবার্ট রোজারিও**<br>ডিরেক্টর, পরিচালক মন্ডলী | **সুমন ডী: ক্রুশ**<br>ডিরেক্টর, পরিচালক মন্ডলী | **শিল্পী গমেজ**<br>ডিরেক্টর, পরিচালক মন্ডলী |
| **রিক্তা গমেজ**<br>ডিরেক্টর, পরিচালক মন্ডলী | **বকুল পিউরিফিকেশন**<br>ডিরেক্টর, পরিচালক মন্ডলী | **সজল পল কস্তা**<br>ডিরেক্টর, পরিচালক মন্ডলী। |

# শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড

(স্থাপিত ঃ ১৯৬৬ খ্রীঃ, রেজি. নং-১৪/১৯৮৮, ১ম সংশোধিত রেজি. নং.-১৭২/০৮, ২য় সংশোধিত রেজি. নং. ১৩৫/১৫)
গ্রাম ঃ শুলপুর, ডাকঘর ঃ শিকারপুর-নিমতলা ১৫৪০, উপজেলা ঃ সিরাজদিখান, জেলাঃ মুন্সিগঞ্জ, বাংলাদেশ।
মোবাইল ঃ ০১৭১৫০৩৮৫৪৭, E-mail : solepurcccul@yahoo.com

## সহযোগী সদস্যদের স্থায়ী সঞ্চয় হিসাব খোলার আবেদন পত্র

| সঞ্চয়ী হিসাব নং : | সঞ্চয়ী সদস্য নং- | সহযোগী সদস্য নং : | স্থায়ী সঞ্চয় হিসাব নং : |
|---|---|---|---|
| | | | |

আমি শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এ সহযোগী সদস্যের অভিভাবক হিসাবে তার নামে একটি স্থায়ী সঞ্চয় হিসাব খোলার জন্য আবেদন করছি। আমি ও আবেদনকারী অত্র ক্রেডিট ইউনিয়নের প্রচলিত নিয়ম-কানুন সমন্ধে অবগত আছি এবং বর্তমান ও ভবিষ্যতে প্রচলিত নিয়ম-কানুন মেনে চলতে বাধ্য থাকব। নিম্নে আবেদনকারীর বিস্তারিত বিবরণ দেওয়া হলো।

| আবেদনকারীর অভিভাবক কর্তৃক নিজ হস্তে পূরণীয় | | | |
|---|---|---|---|
| ০১। | হিসাবধারীর নাম (বাংলায়) ঃ | | |
| ০২। | হিসাবধারীর নাম (ইংরেজীতে ব্লক লেটার) ঃ | | |
| ০৩। | পিতার নাম ঃ | | সদস্য নং : |
| ০৪। | মাতার নাম ঃ | | সদস্য নং : |
| ০৫। | অভিভাবকের নাম ঃ | | |
| ০৬। | জন্ম তারিখ ঃ | জন্ম স্থান ঃ | পুরুষ ☐ মহিলা ☐ |
| ০৭। | পেশা ঃ | জাতীয়তা ঃ | ধর্ম ঃ |
| ০৮। | স্থায়ী ঠিকানা ঃ | গ্রাম ঃ , বাড়ী নং ঃ , ডাকঘর ঃ শিকারপুর-নিমতলা (১৫৪০), উপজেলা ঃ সিরাজদিখান, জেলা ঃ মুন্সিগঞ্জ। | |
| ০৯। | বর্তমান ঠিকানা ঃ | | |
| ১০। | মোবাইল নম্বর ঃ | | |
| ১১। | আবেদনকারীর অভিভাবকের স্বাক্ষর ঃ | | |

আবেদনকারী : ................................................................ এর মৃত্যুর পর উক্ত হিসাবে জমাকৃত সমস্ত অর্থ নিম্নলিখিত ব্যক্তিকে প্রদান করার জন্য উত্তরাধিকারী মনোনীত করলাম।

| নাম : | | সম্পর্ক : | বয়স: বছর |
|---|---|---|---|
| গ্রাম : | ডাকঘর : | উপজেলা : | |
| জেলা: | মোবাইল নম্বর : | | |

আবেদনকারীর অভিভাবকের স্বাক্ষর ঃ

তারিখ :

### অফিসের ব্যবহারের জন্য

মিঃ/মিস ................................................................ কে অত্র ক্রেডিট ইউনিয়নে স্থায়ী সঞ্চয় হিসাব খোলার জন্য অনুমোদন দেওয়া হলো।

অনুমোদনকারীর স্বাক্ষর :

তারিখ :

# শুলপুর খ্রীষ্টিয়ান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

মূল নিবন্ধন নং- ১৪/৮৮, তারিখ- ৩১/১২/১৯৮৮ খ্রিঃ, ১ম সংশোধিত নিবন্ধন নং- ১৭২/২০০৮, ২য় সংশোধিত নিবন্ধন নং- ১৩৮/২০১৫

গ্রাম : শুলপুর, ডাকঘর : শিকারপুর নিমতলা-১৫৪০, উপজেলা : সিরাজদিখান, জেলা : মুন্সিগঞ্জ।

ঋণ গ্রহণের উদ্দেশ্য ঃ শিক্ষা ✦ কৃষিকাজ ✦ পশু-পাখি পালন ✦ মৎস্য চাষ ✦ বাণিজ্যিক উদ্দেশ্যে যানবাহন ক্রয় ✦ চিকিৎসা ✦ বিদেশে চাকুরী ✦ ব্যবসা ✦ গৃহ নির্মাণ ও মেরামত ✦ জমি ক্রয় ✦ আসবাবপত্র ক্রয় ✦ বিবাহ ✦ গৃহস্থালি উপকরণ/যন্ত্রপাতি ক্রয়।

০১। সাধারণ ঋণ ঃ

| ধাপ | সর্বোচ্চ টাকা | কিস্তির পরিমান | আবেদনযোগ্য ঋণের পরিমান | ঋণের জন্য প্রদেয় সুদের হার |
|---|---|---|---|---|
| ১ম | ৫০,০০০.০০ | ৩৬ মাস = ৩ বছর | ঋণের ধাপ অনুসারে বর্তমান শেয়ারের সর্বোচ্চ ১০ গুনন অর্থ ঋণের জন্য আবেদন করা যাইবে। | ১২% |
| ২য় | ১,০০,০০০.০০ | ৪৮ মাস = ৪ বছর | | |
| ৩য় | ২,০০,০০০.০০ | ৭২ মাস = ৬ বছর | | |
| ৪র্থ | ৩,০০,০০০.০০ | ৯৬ মাস = ৮ বছর | | |
| ৫ম | ৪,০০,০০০.০০ | ১০৮ মাস = ৯ বছর | | |
| ৬ষ্ঠ | ৫,০০,০০০.০০ | ১২০ মাস = ১০ বছর | | |
| ৭ম | ৬,০০,০০০.০০ | ১৪৪ মাস = ১২ বছর | | |
| ৮ম | ৮,০০,০০০.০০ | ১৬৮ মাস = ১৪ বছর | | |
| ৯ম | ১০,০০,০০০.০০ | ১৮০ মাস = ১৬ বছর | | |
| ১০ম | ১২,০০,০০০.০০ | ২১৬ মাস = ১৮ বছর | | |

০২। বিশেষ ঋণ ঃ

| ধাপ | সর্বোচ্চ টাকা | কিস্তির পরিমান | আবেদনকৃত ঋণের পরিমান | ঋণের জন্য প্রদেয় সুদের হার |
|---|---|---|---|---|
| ১ম | ২,০০,০০০.০০ | ৪৮ মাস = ৪ বছর | ঋণের ধাপ অনুসারে বর্তমান শেয়ারের সর্বোচ্চ ১০ গুনন অর্থ ঋণের জন্য আবেদন করা যাইবে। | ১৫% |
| ২য় | ৩,০০,০০০.০০ | ৭২ মাস = ৬ বছর | | |
| ৩য় | ৪,০০,০০০.০০ | ৯৬ মাস = ৮ বছর | | |
| ৪র্থ | ৫,০০,০০০.০০ | ১২০ মাস = ১০ বছর | | |
| ৫ম | ৬,০০,০০০.০০ | ১৪৪ মাস = ১২ বছর | | |
| ৬ষ্ঠ | ৮,০০,০০০.০০ | ১৬৮ মাস = ১৪ বছর | | |
| ৭ম | ১০,০০,০০০.০০ | ১৯২ মাস = ১৬ বছর | | |
| ৮ম | ১২,০০,০০০.০০ | ২১৬ মাস = ১৮ বছর | | |

০৩। মর্টগেজ ঋণঃ

| ধাপ | সর্বোচ্চ টাকা | কিস্তির পরিমান | আবেদনকৃত ঋণের পরিমান | ঋণের জন্য প্রদেয় সুদের হার |
|---|---|---|---|---|
| ১ম | ৩,০০,০০০.০০ | ৯৬ মাস = ৮ বছর | ঋণের ধাপ অনুসারে ০৬ মাস পূর্বের শেয়ারের সর্বোচ্চ ১০ গুনন অর্থ মর্টগেজ ঋণের জন্য আবেদন করা যাইবে। | ১৫% |
| ২য় | ৫,০০,০০০.০০ | ১২০ মাস = ১০ বছর | | |
| ৩য় | ৮,০০,০০০.০০ | ১৬৮ মাস = ১৪ বছর | | |
| ৪র্থ | ১২,০০,০০০.০০ | ১৯২ মাস = ১৬ বছর | | |
| ৫ম | ১৫,০০,০০০.০০ | ২১৬ মাস = ১৮ বছর | | |

০৪। উচ্চতর কারিগরি ও পেশাগত শিক্ষা ঋণ ঃ

| ক্রমিক নং | কোর্সের মেয়াদকাল | কিস্তি পরিশোধের সময় | আবেদনকৃত ঋণ এর পরিমান | ঋণের জন্য প্রদেয় সুদের হার |
|---|---|---|---|---|
| ০১ | ৩ মাস থেকে ১২ মাস | ৪ বছর = ৪৮ মাস | দেশে-৫,০০,০০০.০০ টাকা<br>বিদেশে- ১০,০০,০০০.০০ টাকা | ৮% |
| ০২ | ১৩ মাস থেকে ২৪ মাস | ৫ বছর = ৬০ মাস | | |
| ০৩ | ২৫ মাস থেকে ৪৮ মাস | ৬ বছর = ৭২ মাস | | |

০৫। বিদেশে শিক্ষা গ্রহণ/বিদেশ গমনে সচ্ছলতা ঋণ ঃ

| ক্রমিক নং | ঋণের মেয়াদকাল | নবায়ন | আবেদনকৃত ঋণ এর পরিমান | ঋণের জন্য প্রদেয় সুদের হার |
|---|---|---|---|---|
| ০১ | সর্বনিম্ন ৩ মাস | নবায়ন যোগ্য | সর্বনিম্ন দশ (১০) লক্ষ টাকা হইতে সর্বোচ্চ পঞ্চাশ (৫০) লক্ষ টাকা পর্যন্ত। | ৯% |
| ০২ | ৩ মাসের উর্ধ্বে | নবায়ন যোগ্য | | |

## ঋণ আবেদনকরীকে আবেদনপত্র জমা দেওয়ার সময় এবং আবেদনকৃত ঋণটি অনুমোদিত হইলে অবশ্যই পালনীয় দায়িত্ব ও কর্তব্য

| ক্রমিক নং. | বিবরণ |
|---|---|
| ০১। | ঋণ প্রাপ্তির যোগ্যতা প্রমানের জন্য অত্র ক্রেডিট ইউনিয়ন কর্তৃক মুদ্রিত ও সরবরাহকৃত নির্দিষ্ট ঋণ আবেদন পত্রটি পরিষ্কারভাবে পূরণ করিতে হইবে। আবেদনকারী ঋণ আবেদন পত্রে ফ্লুইড ব্যবহার, ঘষামাজা, কাটাকাটি করিলে এবং অত্র ক্রেডিট ইউনিয়নে তার সদস্য স্বাক্ষর কার্ড মোতাবেক স্বাক্ষর প্রদান না করিলে ঋণ আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে। |
| ০২। | (ক) ঋণ আবেদনপত্রের সাথে এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, চাকুরীজীবি হলে চাকুরীস্থলের আইডি কার্ড এর ফটোকপি, ব্যবসায়ী হলে ট্রেড লাইসেন্স (হালনাগাদ) এর ফটোকপি, ব্যাংক/ক্রেডিট ইউনিয়ন/সমবায় সমিতি/ডাকঘর সঞ্চয়পত্র সার্টিফিকেট এর ফটোকপি বা স্টেটম্যান্ট জমা দিতে হইবে। |